ঘরে থাকি * সামাজিক দূরত্ব বজায় রাখি *
করোনাভাইরাস সংক্রমণ রোধ করি * জীবন
বাঁচাই

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

জরুরি

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০২.৯৯.০০২.২০.৪ তারিখ: ২৮ চৈত্র ১৪২৬
১১ এপ্রিল ২০২০

বিষয়: **করোনা ভাইরাস রোগ প্রতিরোধ কার্যক্রমে মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে আর্থিক সহায়তা প্রদানের সময়সীমা বর্ধিতকরণ।**

সূত্র: অত্র অধিদপ্তরের স্মারক নং ৩৭.০২.০০০০.১০২.৯৯.০০২.২০.২; তারিখ: ০৭/০৪/২০২০ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত পত্রে করোনাভাইরাস রোগ প্রতিরোধ কার্যক্রমে সহায়তার লক্ষ্যে প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিলে আর্থিক সহায়তা প্রদানের জন্য অনুরোধ করা হয়েছিল (অনুলিপি সংযুক্ত)। দেশের এ সংকটে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অধীন সকল দপ্তর এবং সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান যেভাবে দ্রুত সাড়া দিয়েছে তা অত্যন্ত প্রশংসনীয়। কিন্তু অনেক শিক্ষা প্রতিষ্ঠান প্রধান জানিয়েছেন যে, আন্তরিকভাবে চেষ্টা করেও নানাবিধ কারণে তাঁরা আগ্রহী শিক্ষক কর্মচারীদের কাছ থেকে অর্থ সংগ্রহ ও তা প্রেরণের প্রক্রিয়াটি নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে পারেননি। করোনাভাইরাস সংক্রমণরোধে কিছু এলাকাকে লকডাউন করে দেওয়ায়, ব্যাংকিং কার্যক্রমের সময়সীমা কমে যাওয়ায় এবং যাতায়াত নিয়ন্ত্রিত হওয়ায় অনেকেই অসুবিধার সম্মুখীন হয়েছেন। এ সকল কারণে এরূপ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ অর্থ প্রেরণের সময় বৃদ্ধির জন্য বিশেষভাবে অনুরোধ করেছেন। সামগ্রিক পরিস্থিতি বিবেচনায় তাঁদের অনুরোধ যৌক্তিক বলে প্রতীয়মান হয়েছে।

এমতাবস্থায়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অধীন অবশিষ্ট অফিস/শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত আগ্রহী শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের আহরিত মাসিক বেতন থেকে ০১ (এক) দিনের সমপরিমাণ অর্থ প্রেরণের সময়সীমা আগামী ২০/০৪/২০২০ তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো। সংশ্লিষ্ট অফিস/প্রতিষ্ঠান প্রধানগণ নিম্ন বর্ণিত হিসাবে অর্থ এবং শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের তালিকা ও অর্থ জমা দেয়ার রসিদের কপি সংযুক্ত নির্দেশনায় বর্ণিত সংশ্লিষ্ট কর্মকর্তার ই-মেইলে প্রেরণ নিশ্চিত করবেন:

হিসাবের শিরোনাম: Director General, D.S.H.E
চলতি হিসাব নম্বরঃ 0200009382600
ব্যাংকের নাম ও শাখা: Agrani Bank Limited, Jatiya Press Club Branch, Dhaka.

এমতাবস্থায়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অধীন অবশিষ্ট অফিস/শিক্ষা প্রতিষ্ঠান (সরকারি ও বেসরকারি) প্রধানকে পুনঃনির্ধারিত সময়ে অর্থ প্রেরণ কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১১-৪-২০২০

